এনভয় টেক্সটাইলস লিমিটেড

কর্পোরেট ও রেজিষ্টার্ড অফিসঃ এনভয় টাওয়ার, ১৮/ই, লেক সার্কাস কলাবাগান,পশ্চিম পান্থপথ, ঢাকা-১২০৫

৩১তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এই মর্মে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, এনভয় টেক্সটাইল্‌স লিমিটেডের ৩১তম বার্ষিক সাধারণ সভা আগামী **শনিবার, ৫ ডিসেম্বর ২০২৬, সকাল ১১:০০ ঘটিকায়** নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনের নিমিত্তে গুলশান শুটিং ক্লাব, গুলশান এভিনিউ, পুলিশ প্লাজার পাশে, ঢাকা-১২১২-এ অনুষ্ঠিত হবেঃ

আলোচ্যসূচীসমূহ

ক. সাধারণ কার্যক্রম

আলোচ্যসূচি নং ১ ঃ ৩০শে জুন, ২০২৬ তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী, তদসংশ্লিষ্ট নিরিক্ষকদের প্রতিবেদন এবং পরিচালনা পর্ষদের প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন;

আলোচ্যসূচি নং ২ ঃ ৩০শে জুন, ২০২৬ তারিখে সমাপ্ত বছরের লভ্যাংশ ঘোষনা;

আলোচ্যসূচি নং ৩ ঃ অত্র কোম্পানীর সংঘ-বিধি অনুযায়ী নিম্নোক্ত পরিচালকমন্ডলী নির্বাচনঃ

৩.১ জনাব কুতুবউদ্দিন আহমেদ;

৩.২ জনাব শেখ বশির আহমেদ (এনভোটেক এভিয়েশন লিঃ-এর মনোনীত প্রতিনিধি);

৩.৩ জনাব দীনেশ গোপ বিরওয়ানি (কসমোপলিটন ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিঃ-এর মনোনীত প্রতিনিধি);

আলোচ্যসূচি নং ৪ ঃ নিম্নোক্ত স্বতন্ত্র পরিচালকদের পুনঃনিয়োগ নিশ্চিতকরণঃ

৪.১ জনাব ফখরুদ্দিন আহমেদ, এফসিএমএ, এফসিএ;

৪.২ ব্যারিস্টার মুহাম্মদ শফিকুর রহমান;

আলোচ্যসূচি নং ৫ ঃ নিরীক্ষক পুনঃনিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ;

আলোচ্যসূচি নং ৬ ঃ পেশাজীবি হিসাব রক্ষক/সচিব নিয়োগ; এবং

খ. বিশেষ কার্যক্রম

আলোচ্যসূচি নং ৭ ঃ কোম্পানীর নিবন্ধিত নাম পরিবর্তন

নিম্নলিখিত প্রস্তাবটি বিশেষ প্রস্তাব হিসেবে সংশোধনীসহ বা সংশোধনী ব্যতীত বিবেচনা ও উপযুক্ত মনে হলে অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে:

"সিদ্ধান্ত গৃহীত হলো যে–

১। কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮ নং আইন)-এর বিধানাবলি এবং এর যেকোনো বিধিবদ্ধ সংশোধন বা পুনঃপ্রণয়ন সাপেক্ষে, এবং রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ অ্যান্ড ফার্মস (আরজেএসসি)-এর অনুমোদনক্রমে, কোম্পানীর নিবন্ধিত নাম "এনভয় টেক্সটাইল্‌স লিমিটেড" পরিবর্তন করে **"এনভয় টেক্সটাইল্‌স পিএলসি"** করার সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হলো।

২। কোম্পানীর পরিবর্তিত নাম প্রতিফলিত করার জন্য কোম্পানীর সংঘস্মারক এবং সংঘবিধির প্রাসঙ্গিক ধারাসমূহে প্রয়োজনীয় সংশোধন আনার সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হলো।

৩। কোম্পানীর নতুন নাম **"এনভয় টেক্সটাইল্‌স পিএলসি"**, কোম্পানীর বিদ্যমান নামের পরিবর্তে কোম্পানীর সকল বিধিবদ্ধ ও স্বত্বসংক্রান্ত দলিল, লাইসেন্স, নিবন্ধন, রেকর্ড এবং অন্যান্য প্রাসঙ্গিক নথিপত্রে গ্রহণ ও প্রতিস্থাপনের সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হলো।"

পরিচালনা পর্ষদের নির্দেশক্রমে

এম সাইফুল ইসলাম চৌধুরী, এফসিএস
কোম্পানী সচিব

বুধবার, ২৮ অক্টোবর ২০২৬
ঢাকা।

দ্রষ্টব্যঃ

(i) ৩১তম বার্ষিক সাধারণ সভার 'রেকর্ড ডেট' ছিল ২৬ অক্টোবর ২০২৬। উক্ত তারিখে যে সকল শেয়ারহোল্ডারের নাম সিডিএস ব্যবস্থাধীন শেয়ার রেজিস্টারে অন্তর্ভুক্ত আছেন, তাঁরা সভার কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন এবং লভ্যাংশ গ্রহণের উপযুক্ত বলে বিবেচিত হবেন;

(ii) বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা মোতাবেক যদিও কোম্পানীর ভার্চুয়াল সভা আহ্বান করার সুযোগ আছে, তদসত্ত্বেও শেয়ারহোল্ডোরদের সরাসরি অংশগ্রহনের সুযোগ নিশ্চিতকল্পে এ সভা হাইব্রিড পদ্ধিতিতে অনুষ্ঠিত হবে। সম্মানিত শেয়ারহোল্ডারগণ উল্লেখিত সভাস্থানে সরাসরি উপস্থিত থেকে বা অনলাইনে যুক্ত থেকে সভায় অংশগ্রহণ ও ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন;

(iii) সম্মানিত শেয়ারহোল্ডারগণ যারা ভার্চুয়ালি যুক্ত হবেন, তারা নিম্নলিখিত লিংকের মাধ্যমে বা নিম্নোক্ত কিউআর কোডটি স্ক্যান করে সভায় অংশ গ্রহণ করবেনঃ
https://envoytex.bdvirtualagm.com

হাইব্রিড প্ল্যাটফর্মে যুক্ত হতে, শেয়ারহোল্ডারগণকে ১৬ ডিজিটের বিও একাউন্ট নাম্বার দিতে হবে। তাদের স্ব-স্ব বিও একাউন্টের সাথে সংযুক্ত মোবাইল নাম্বারে একটি পাসওয়ার্ড প্রেরণ করা হবে। উক্ত পাসওয়ার্ডের সাহায্যে সিস্টেমে যুক্ত হতে পারবেন। যারা মোবাইল নাম্বার নতুন করে দিতে চান, তারা আমাদেরকে অন্ততঃ সভা অনুষ্ঠানের ১২ ঘণ্টা পূর্বে লিখিত ভাবে জানাতে পারবেন;

(iv) বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবার ৪৮ ঘন্টা পূর্ব হতে বা চলাকালীন সময়ে শেয়ারহোল্ডারগণ অনলাইনে যুক্ত হয়ে তাদের প্রশ্ন/মতামত পেশ ও ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। সম্মানিত শেয়ারহোল্ডারগণ সরাসরি সভায় উপস্থিত থেকেও তাদের প্রশ্ন/মতামত পেশ ও ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন;

(v) সম্মানিত শেয়ারহোল্ডারগণ যারা সরাসরি উপস্থিত থেকে সভায় অংশগ্রহণ করবেন, তাদেরকে রেজিস্ট্রেশনের সময় তাদের স্ব-স্ব শেয়ার মালিকানার স্বপক্ষে প্রয়োজনীয় তথ্যাদি বা উপযুক্ত প্রমাণ উপস্থাপনের অনুরোধ করা হচ্ছে;

(vi) যথাযথভাবে পূরণকৃত প্রয়োজনীয় মূল্যের রাজস্ব ষ্ট্যাম্প সংযুক্ত প্রক্সি ফরম বা নোটারীকৃত পাওয়ার অব এটর্নি বা ক্ষমতা অর্পণ পত্র, ক্ষেত্রমতে প্রযোজ্য, সভা শুরুর অন্ততঃ ৪৮ ঘন্টা পূর্বে অবশ্যই কোম্পানীর রেজিষ্টার্ড অফিসে জমা দিতে হবে;

(vii) কোম্পানির সংঘবিধির ১০৮ এবং ১০৯ বিধি মোতাবেক কোম্পানির প্রাতিষ্ঠানিক শেয়ারহোল্ডার উক্ত কোম্পানির সিদ্ধান্ত মোতাবেক কোন ব্যাক্তিকে সাধারণ সভায় যোগদান, মতামত প্রকাশ ও ভোটাধিকার প্রদানে ক্ষমতার্পণ করতে পারবেন;

(viii) সংশ্লিষ্ট ব্রোকার হাউজ ও মার্চেন্ট ব্যাংকসমূহকে আমাদের কোম্পানির শেয়ারধারী তাদের স্ব স্ব মার্জিন ক্লায়েন্টদের একটি তালিকা আগামী ৫ই ডিসেম্বরের মধ্যে আমাদের কাছে প্রেরণের অনুরোধ করা হলো;

(ix) বার্ষিক প্রতিবেদন ২০২৬-এর কপি কোম্পানীর ওয়েবসাইট (www.envoytextiles.com) থেকে যথাসময়ে সংগ্রহ করা যাবে।